

২০২১

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেষ্টার

কোর্স কোড : BNGH-CC-T-5

(বাংলা কথাসাহিত্যের রূপভেদ ও ছোটগল্প)

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

[A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ক) শরদিন্দু বন্দ্যোপাধ্যায়-এর দুটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো।
- খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘পল্লীসমাজ’ কোন্‌ শ্রেণীর উপন্যাস? এই শ্রেণীর আর একটি বাংলা উপন্যাসের নাম লেখো।
- গ) উপন্যাস ও ছোটগল্পের মধ্যে দুটি পার্থক্য লেখো।
- ঘ) কারু অনুরোধে রবীন্দ্রনাথ ‘মণিহারা’ গল্পটি রচনা করেন?

- ঙ) ‘চুরি বিদ্যাতে যম পাকা, দামি জিনিসের ‘পরেই তার লোভ’ — উক্তিটি কোথা থেকে গৃহীত এবং কোন্‌ প্রসঙ্গে করা হয়েছে?
- চ) “রোগীর সেবায় তিনি সিদ্ধহস্ত ছিলেন, কিন্তু রোগী ঠাঁহাকে যমেরই মতো ভয় করিত” — রোগী কাকে এবং কেন যমের মতো ভয় করত?
- ছ) ‘জীবিত ও মৃত’ গল্পটি মোট কয়টি পরিচ্ছেদে বিন্যস্ত?
- জ) ‘জানি না গো এমন যে হবে
গোকুল ছাড়িয়া কেষ্ট মথুরাতে যাবে
ও জানি না গো’ — কে, কাকে এই গানটি শুনিয়েছে?
- ঝ) ‘মানুষের কীতিই মানুষকে অমর করে’ — কার, কোন্‌ কীতির কথা বলা হয়েছে?
- ঝঃ) ‘ইঁহাদের দাম্পত্য কলহ বিনা আড়ম্বরে নিষ্পন্ন হয়’ —
কাদের দাম্পত্য কলহের কথা বলা হয়েছে? কী প্রকারে তা নিষ্পন্ন হয়?
- ট) ‘হিমুর মা তুমি বিনি দোষে এই অপমানটা সহিবে?’ —
কে, কাকে এই কথা বলেছিল?
- ঠ) ‘কৌতুহল’ শব্দের অর্থ কী?
- ড) ‘শিল্পী’ গল্পের প্রধান পুরুষ চরিত্রের নাম কী? গল্পের শেষে
সে কার দেওয়া সুতো নিয়ে কাপড় বুনতে চায়নি?
- ঢ) ‘তফাত যাও, তফাত যাও। সব ঝুঁট হ্যায়, সব ঝুঁট হ্যায়’
— কী উদ্দেশ্য করে কে একথা বলেছে?

- গ) “তাঁকে দেখিয়া ইংরাজ কবি কোল্রিজের সৃষ্টি প্রাচীন নাবিকের কথা আমার মনে পড়িল” — কাকে দেখে কার প্রাচীন নাবিকের কথা মনে পড়েছে? কোল্রিজের কেন কবিতার কথা বলা হয়েছে?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 4 = 20$
- ক) আঞ্চলিক উপন্যাসের বৈশিষ্ট্য আলোচনা করে যে কোনো চারটি আঞ্চলিক উপন্যাসের নাম লেখো।
 - খ) ‘ক্ষুধিত পায়াণ’ গল্পটি অতিলৌকিক আবহে পরিবেশিত একটি মনস্তাত্ত্বিক গল্প — বিচার করো।
 - গ) “বিধু ও বনমালী রাম নাম জপিতে জপিতে কাঁদিতে লাগিল” — কেন গল্প থেকে গৃহীত হয়েছে? তারা কেন ভয় পেয়েছিল, তা পাঠ্য গল্প অনুসরণে লেখো।
 - ঘ) “তাহার উপর মমতার আর মমতা নাই” — মমতার কার প্রতি মমতা নেই? তার কারণ কী?
 - ঙ) ‘কৌন্টেয়’ গল্পের নামকরণের প্রসঙ্গটি আলোচনা করো।
 - চ) ‘সিঁদুরচরণ’ গল্পে প্রকাশিত প্রকৃতিচেতনা সম্পর্কে আলোচনা করো।

- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$
- ক) সামাজিক উপন্যাসের সংজ্ঞা, বৈশিষ্ট্য নির্দেশ করে একটি সার্থক বাংলা সামাজিক উপন্যাস সম্পর্কে আলোচনা করো।
 - খ) “এই সামান্য ঘটনায় নিখিল জগতের সর্বজীবের মহাদেবতা পরমপ্রসন্ন হইলেন কিন্তু ক্ষুদ্র পল্লীর সমাজ নামধারী

অতিক্ষুদ্র দেবতাটি নিরতিশয় সংকুক্ষ হইয়া উঠিল” — ‘সামান্য ঘটনা’টি কী? নিখিল জগতের সর্বজীবের মহাদেবতার প্রসন্নতা এবং সমাজ নামধারী অতিক্ষুদ্র দেবতার অপ্রসন্নতার কারণগুলি লেখো।

- গ) ‘লোকর্ণ’ গল্পে পরশুরামের হাস্যরস সৃষ্টির কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।
 - ঘ) ‘কৌন্টেয়’ ছোটগল্পে সুবোধ ঘোষ সুহাসিনী পল চরিত্রের ব্যক্তিজীবনের আশা-আকাঙ্ক্ষা, আনন্দ-বেদনার যে রেখাচিত্রটি অক্ষন করেছেন তা কতখানি বাস্তবোচিত হয়ে উঠেছে আলোচনা করো।
-